৯৭২৩
Display in the college website.
24.08.2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৭০

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮
২৩ আগস্ট ২০২১

বিষয়: ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের জন্য এনসিটিবি কর্তৃক প্রণীত ৫ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রদান।

সূত্র:
১. এনসিটিবি এর স্মারক নং ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০০২.২১.২ তারিখ : ২৬ জুলাই ২০২১
২. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০.১৩; তারিখ : ১৩ জুন ২০২১
৩. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৯৯১; তারিখ : ২৩ জুন ২০২১
৪. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.১১২১; তারিখ : ২৬ জুলাই ২০২১ খ্রি.
৫. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫৪ তারিখ : ০৯ আগস্ট ২০২১
৬. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৬৮ তারিখ : ১৭.০৮.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণীত অ্যাসাইনমেন্টসমূহের মধ্যে ৫ম সপ্তাহের জন্য গুচ্ছ-২ এর জীববিজ্ঞান, উচ্চতর গণিত, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ভূগোল, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, আরবি, গৃহ ব্যবস্থাপনা এবং পারিবারিক জীবন ও গুচ্ছ-৩ এর রসায়ন/অর্থনীতি/পৌরনীতি ও সুশাসন/যুক্তিবিদ্যা/হিসাববিজ্ঞান/খাদ্য ও পুষ্টি/উচ্চাঙ্গ সংগীত বিষয়ের ১৬টি অ্যাসাইনমেন্ট অঞ্চলের পরিচালক বরাবর প্রেরণ করা হলো। এ কার্যক্রম ২৪-০৮-২০২১ খ্রি. থেকে শুরু হবে।

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্টসমূহ প্রদান ও গ্রহণের ক্ষেত্রে কোভিড-১৯ এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধিনিষেধ যথাযথ অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি :
১. অ্যাসাইনমেন্ট গ্রীড
২. অ্যাসাইনমেন্টসমূহ(৫ম সপ্তাহের জন্য ১৬টি)

২৩-৮-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: জীববিজ্ঞান | পত্র: প্রথম | বিষয় কোড: ১৭৮ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল / বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br><br>সপ্তম অধ্যায়: নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ | হাতে কলমে আবৃতবীজী উদ্ভিদের কতিপয় বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা গ্রহণ | • Poaceae গোত্রের শনাক্তকারী বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।<br>• Malvaceae গোত্রের শনাক্তকারী বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। | ১. অ্যাসাইনমেন্টের কাঠামো ও পুষ্প সংকেতের চিহ্নসমূহ পরবর্তী পৃষ্ঠায় দেওয়া আছে। সেটি আগে লক্ষ করতে হবে।<br>২. একটি ঢেঁড়শ নিয়ে ধারালো চাকু বা ছুরির সাহায্যে এর মাঝ বরাবর কেটে নিতে হবে। কাটা অংশে কাপড়ের রং, নেইলপলিশ, কলম বা সাইনপেন, জলরং বা পোস্টার কালার কিংবা অন্য কোনো সহজলভ্য রং লাগিয়ে অ্যাসাইনমেন্টের পৃষ্ঠায় এর একটি বা দুইটি ছাপ দিয়ে নিম্নলিখিত বিষয় গুলো ছক-১ এ উপস্থাপন করতে হবে।<br>• ছাপটি শনাক্তকরণ (উদ্ভিদ অঙ্গসংস্থানিক ভাষায় ছাপের আকৃতিটিকে কী নামে ডাকা হয়?)<br>• ছাপটির বিভিন্ন অংশের নাম লেবেলিং<br>• শনাক্তকরণের যৌক্তিক ব্যাখ্যা (৩০-৫০ শব্দে)<br>৩. Malvaceae কিংবা Poaceae গোত্রের যেকোনো একটি ফুল নিতে হবে। (যদি না পাওয়া যায় তাহলে অন্য যেকোনো একটি ফুল নেওয়া যাবে।)<br>৪. ফুলটির উপবৃতি (যদি থাকে), বৃতি, দল, পুংস্তবক এবং স্ত্রীস্তবকের সংখ্যা গণনা, এবং স্তবকসমূহের সংযুক্তি ও গর্ভাশয়ের অবস্থান, লিঙ্গ এবং অমরাবিন্যাস নির্ণয় করতে হবে। প্রাপ্ত উপাত্তগুলো ছক-২ এর নির্ধারিত ঘরসমূহে পূরণ করতে হবে। সেই অনুযায়ী নির্ধারিত ঘরে ফুলটির পুষ্প সংকেত লিখতে হবে।<br>৫. সাবধানতা: ধারালো বস্তু ব্যবহারের সময় সতর্ক থাকতে হবে। প্রয়োজনে পরিবারের বয়োজ্যেষ্ঠ কারো তত্ত্বাবধানে কাজটি সম্পন্ন করতে হবে। | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স):


| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক. ছক-১ এ ঢেঁড়শের কাটা অংশের ছাপটি শনাক্তকরণ, লেবেলিং এবং ব্যাখ্যাকরণ | অ্যাসাইনমেন্ট পৃষ্ঠায় ঢেঁড়শের কাটা অংশের সুস্পষ্ট ছাপ থাকা, ব্যাখ্যাসহ ছাপটি শনাক্ত করে গ্রহণযোগ্যভাবে লেবেলিং করতে পারা | অ্যাসাইনমেন্ট পৃষ্ঠায় ঢেঁড়শের কাটা অংশের সুস্পষ্ট ছাপ থাকা, ব্যাখ্যাসহ ছাপটি শনাক্ত করতে পারা কিন্তু গ্রহণযোগ্যভাবে লেবেলিং করতে না পারা | অ্যাসাইনমেন্ট পৃষ্ঠায় ঢেঁড়শের কাটা অংশের সুস্পষ্ট ছাপ থাকা, ব্যাখ্যা ব্যতীত ছাপটি শনাক্ত করতে পারা | অ্যাসাইনমেন্ট পৃষ্ঠায় ঢেঁড়শের কাটা অংশের সুস্পষ্ট ছাপ থাকা | |
| খ. ছক-২ এ ১১ টি ঘরে ফুলের স্তবকসমূহের সংখ্যা গণনা, এবং সেগুলোর সংযুক্তি ও গর্ভাশয়ের অবস্থান, লিঙ্গ ও অমরাবিন্যাস নির্ণয় | এগারটি ঘরের মধ্যে অন্তত ১০ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা | এগারটি ঘরের মধ্যে ৭-৯ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা | এগারটি ঘরের মধ্যে ৪-৬ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা | এগারটি ঘরের মধ্যে ১-৩ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা | |
| গ. ছক-২ এ ফুলটির পুষ্প সংকেত উল্লেখ | পুষ্প সংকেতের কাঠামো গ্রহণযোগ্য এবং ছক-২ এর তথ্যের সাথে পুরোপুরি মিল থাকা | পুষ্প সংকেতের কাঠামো গ্রহণযোগ্য কিন্তু ছক-২ এর তথ্যের সাথে আংশিক মিল থাকা | পুষ্প সংকেতের কাঠামো গ্রহণযোগ্য তবে ছক-২ এর তথ্যের সাথে কোনো মিল না থাকা | পুষ্প সংকেত উল্লেখ করা হয়েছে তবে তার কাঠামো গ্রহণযোগ্য না হওয়া | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ১২

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১০-১২ | অতি উত্তম |
| ৮-৯ | উত্তম |
| ৬-৭ | ভালো |
| ৫ বা এর কম | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: উচ্চতর গণিত　　পত্র: প্রথম　　কোড: ২৬৫　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | নির্দেশনা | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০৩<br>অধ্যায়-৩<br>(সরলরেখা) | স্থানাঙ্ক জ্যামিতির মাধ্যমে সরলরেখা সংক্রান্ত সমস্যা সমাধান:<br><br>চিত্রে OABC একটি চতুর্ভূজ।<br>$A(-k, 2k), k > 0$ এবং $OA = \sqrt{80}$ একক।<br>OC রেখা, $y - 3x = 5$ রেখার সমান্তরাল এবং<br>C বিন্দুটি AB এর লম্ব সমদ্বিখণ্ডক রেখার উপর অবস্থিত। | • দুইটি বিন্দুর মধ্যবর্তী দূরত্ব নির্ণয়ের সূত্র প্রতিষ্ঠা ও প্রয়োগ করতে পারবে।<br>• কোনো রেখাংশকে নির্দিষ্ট অনুপাতে বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় করতে পারবে।<br>• দুইটি বিন্দুর সংযোজক রেখার ঢাল নির্ণয় করতে পারবে।<br>• অক্ষের সমান্তরাল সরলরেখার সমীকরণ নির্ণয় করতে পারবে।<br>• বিভিন্ন আকারের সরলরেখার সমীকরণ নির্ণয় করতে পারবে।<br>• দুইটি সরলরেখার ছেদবিন্দু নির্ণয় করতে পারবে।<br>• বিভিন্ন শর্তাধীনে সরলরেখার সমীকরণ নির্ণয় করতে পারবে।<br>• সমান্তরাল নয় এমন দুইটি সরলরেখার অর্ন্তভুক্ত কোণ নির্ণয় করতে পারবে।<br>• কোনো বিন্দু থেকে একটি সরলরেখার লম্ব দূরত্ব নির্ণয় করতে পারবে। | ক) AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর। | ক) | • AB সরলরেখার সমীকরণ নির্ণয় | ০৪ | |
| | | | | | • AB সরলরেখার ঢাল নির্ণয় | ০৩ | |
| | | | | | • A বিন্দুর স্থানাঙ্ক এবং OA সরলরেখার ঢাল নির্ণয় | ০২ | |
| | | | | | • A বিন্দুর স্থানাঙ্ক / OA সরলরেখার ঢাল নির্ণয় | ০১ | |
| | | | খ) C বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। | খ) | • DC ও OC সরলরেখার ছেদ বিন্দু C বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় | ০৫ | |
| | | | | | • DC সরলরেখার সমীকরণ নির্ণয় | ০৪ | |
| | | | | | • D বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় এবং OC সরলরেখার সমীকরণ নির্ণয় | ০৩ | |
| | | | | | • D বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় অথবা OC সরলরেখার সমীকরণ নির্ণয় | ০২ | |
| | | | | | • B বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় অথবা OC সরলরেখার ঢাল নির্ণয় | ০১ | |
| | | | গ) $\Delta BCD$ সমকোণী ত্রিভুজের $\tan\angle BCD$ এর মান নির্ণয় কর। | গ) | • দুইটি অসমান্তরাল সরলরেখার অর্ন্তভুক্ত কোণ নির্ণয়ের সূত্র ব্যবহার করে $\tan\angle BCD$ নির্ণয় | ০২ | |
| | | | | | • CD ও BC সরলরেখাদ্বয়ের ঢাল নির্ণয় | ০১ | |
| | | | ঘ) BD ও BC রেখাদ্বয়ের অন্তর্গত সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর। | ঘ) | • সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ চিহ্নিতকরণ | ০৪ | |
| | | | | | • BD ও BC রেখাদ্বয়ের অন্তর্গত কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ নির্ণয় | ০৩ | |
| | | | | | • BD এবং BC রেখার সমীকরণ নির্ণয় | ০২ | |
| | | | | | • BD অথবা BC রেখার সমীকরণ নির্ণয় | ০১ | |
| | | | ঙ) (1,2) বিন্দু হতে $\sqrt{5}$ একক দূরবর্তী AB রেখার সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর। | ঙ) | • সমীকরণ সমাধান করে সরলরেখাদ্বয়ের সমীকরণ নির্ণয় | ০৩ | |
| | | | | | • (1,2) বিন্দু থেকে উদ্দিষ্ট সরলরেখার লম্ব দূরত্বের সমীকরণ গঠন | ০২ | |
| | | | | | • AB রেখার সমান্তরাল রেখার সমীকরণ গঠন | ০১ | |
| | | | | | মোট নম্বর | | |

বরাদ্দকৃত নম্বর- ১৮

| ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৪ - ১৮ | অতি উত্তম |
| ১২ - ১৩ | উত্তম |
| ০৯ - ১১ | ভালো |
| ০০ - ০৮ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: সমাজকর্ম

পত্র: প্রথম

বিষয় কোড: ২৭১

স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br>দ্বিতীয় অধ্যায়: সমাজকর্ম পেশার ঐতিহাসিক প্রেক্ষাপট | 'শিল্প বিপ্লবের ফলে সমাজকর্ম পেশার উত্থান এবং বিশ্ব এখন চতুর্থ শিল্প বিপ্লবের মুখোমুখি'- ভবিষ্যৎ সমাজকর্মী হিসাবে করণীয় নির্ধারণ | • শিল্প বিপ্লবের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• আর্থ-সামাজিক জীবনে শিল্প বিপ্লবের প্রভাব বিশ্লেষণ করতেপারবে<br>• সমাজকর্ম পেশার বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা মূল্যায়ন করতে পারবে<br>• সমাজকর্ম পেশার প্রতি শ্রদ্ধাশীল হবে। | • দৃষ্টান্তসহ শিল্প বিপ্লবের ধারণা<br>• শিল্প বিপ্লবের প্রভাব বর্ণনা (ইতিবাচক ও নেতিবাচক)<br>• সমাজকর্ম পেশার উত্থানে শিল্প বিপ্লবের ভূমিকা<br>• সম্ভাব্য ৪র্থ শিল্প বিপ্লবের পরিবর্তিত দিকসমূহ<br>• ভবিষ্যৎ সমাজকর্মীর করণীয় | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক. শিল্প বিপ্লবের ধারণা | শিল্প বিপ্লবের ধারণা দৃষ্টান্তসহ যথাযথভাবে ব্যাখ্যা করেছে | শিল্প বিপ্লবের ধারণা দৃষ্টান্তসহ অধিকাংশ ব্যাখ্যা করেছে | শিল্প বিপ্লবের ধারণা দৃষ্টান্তসহ আংশিক ব্যাখ্যা করেছে | শিল্প বিপ্লবের ধারণা অস্পষ্টভাবে ব্যাখ্যা করেছে | |
| খ.শিল্প বিপ্লবের প্রভাব (ইতিবাচক ও নেতিবাচক) | শিল্প বিপ্লবের ৩টি ইতিবাচক ও ৩টি নেতিবাচক প্রভাব যথাযথভাবে লিখেছে | শিল্প বিপ্লবের ৪/৫টি ইতিবাচক ও নেতিবাচক প্রভাব লিখেছে | শিল্প বিপ্লবের ৩/৪টি ইতিবাচক ও নেতিবাচক প্রভাব লিখেছে | শিল্প বিপ্লবের ২/১টি ইতিবাচক ও নেতিবাচক প্রভাব লিখেছে | |
| গ. সমাজকর্ম পেশার বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা | সমাজকর্ম পেশার বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা যথাযথভাবে লিখেছে | সমাজকর্ম পেশার বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা অধিকাংশ লিখেছে | সমাজকর্ম পেশার বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা আংশিক লিখেছে | সমাজকর্ম পেশার বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা অস্পষ্টভাবে লিখেছে | |
| ঘ. সম্ভাব্য ৪র্থ শিল্প বিপ্লবের পরিবর্তিত দিক | সম্ভাব্য ৪র্থ শিল্প বিপ্লবের পরিবর্তিত দিক যথাযথভাবে তুলে ধরেছে | সম্ভাব্য ৪র্থ শিল্প বিপ্লবের পরিবর্তিত দিক অধিকাংশ তুলে ধরেছে | সম্ভাব্য ৪র্থ শিল্প বিপ্লবের পরিবর্তিত দিক আংশিক তুলে ধরেছে | সম্ভাব্য ৪র্থ শিল্প বিপ্লবের পরিবর্তিত দিক অস্পষ্টভাবে তুলে ধরেছে | |
| ঙ. ভবিষ্যৎ সমাজকর্মীর করণীয় | ভবিষ্যৎ সমাজকর্মীর করণীয় সম্পর্কে ৫টি ভূমিকা ও কাজ বর্ণনা করেছে | ভবিষ্যৎ সমাজকর্মীর করণীয় সম্পর্কে ৩/৪টি ভূমিকা ও কাজ বর্ণনা করেছে | ভবিষ্যৎ সমাজকর্মীর করণীয় সম্পর্কে ২/১টি ভূমিকা ও কাজ বর্ণনা করেছে | ভবিষ্যৎ সমাজকর্মীর করণীয় সম্পর্কে অস্পষ্টভাবে লিখেছে | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ২০ | | | | | |

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ভূগোল

পত্র: প্রথম    বিষয় কোড: ১২৫    স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br>দ্বিতীয় অধ্যায়: পৃথিবীর গঠন | বাংলাদেশের ভূপ্রকৃতির শ্রেণিবিভাজন | • বাংলাদেশের ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে | • বাংলাদেশের তিন ধরণের ভূমিরূপের অবস্থান, আয়তন, বৈশিষ্ট্য ও অর্থনৈতিক গুরুত্ব চিত্রসহ বর্ননা | (নিচের সারণি দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. ভূপ্রকৃতির প্রধান ভাগের বিভাজন | ৩টি প্রধান ভুপ্রকৃতির নামকরণ ও মানচিত্রে উপস্থাপন | ৩টি প্রধান ভুপ্রকৃতির নামকরণ ও ২টী মানচিত্রে উপস্থাপন | ৩টি প্রধান ভুপ্রকৃতির নামকরণ ও ১টী মানচিত্রে উপস্থাপন | শুধু ভূপ্রকৃতির নামকরণ / মানচিত্রে উপস্থাপন | |
| খ. ভূমিরূপের অবস্থান ও আয়তন | ৩টি প্রধান ভূমিরূপের অবস্থান, মোট আয়তন লিখতে হবে | ৩টি প্রধান ভূমিরূপের অবস্থান, ২টির আয়তন লিখতে হবে | ৩টি প্রধান ভূমিরূপের অবস্থান, ১টি আয়তন লিখতে হবে | ৩টি প্রধান ভূমিরূপের অবস্থান লিখতে হবে | |
| গ. ভূমিরূপের অন্যান্য বৈশিষ্ট্য | ৩টি প্রধান ভুপ্রকৃতির ৪টি বৈশিষ্ট্য লিখতে হবে | ৩টি প্রধান ভুপ্রকৃতির ৩টি বৈশিষ্ট্য লিখতে হবে | ৩টি প্রধান ভুপ্রকৃতির ২টি বৈশিষ্ট্য লিখতে হবে | ৩টি প্রধান ভুপ্রকৃতির ১টি বৈশিষ্ট্য লিখতে হবে | |
| ঘ. অর্থনৈতিক গুরুত্ব | টারশিয়ারি যুগের পাহাড়সমুহের ৪টি অর্থনৈতিক গুরুত্ব লিখতে হবে | টারশিয়ারি যুগের পাহাড়সমুহের ৩টি অর্থনৈতিক গুরুত্ব লিখতে হবে | টারশিয়ারি যুগের পাহাড়সমুহের ২টি অর্থনৈতিক গুরুত্ব লিখতে হবে | টারশিয়ারি যুগের পাহাড়সমুহের ১টি অর্থনৈতিক গুরুত্ব লিখতে হবে | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩ – ১৬ | অতি উত্তম |
| ১১ – ১২ | উত্তম |
| ৮ – ১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

# এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা | পত্র: প্রথম | বিষয় কোড: ২৯২ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br><br>তৃতীয় অধ্যায়: অর্থের সময় মূল্য | অর্থের সময় মূল্যের ভিত্তিতে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া | • অর্থের সময় মূল্যের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• অর্থের বর্তমান মূল্য নির্ণয় করতে পারবে।<br>• অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করতে পারবে।<br>• অ্যানুইটির বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য নির্ণয় করতে পারবে। | জনাব আরশাদ ঢাকার বনানীতে একটি অ্যাপার্টমেন্ট ক্রয় করতে চান। একটি অ্যাপার্টমেন্ট কোম্পানি তাকে ৪ টি প্রস্তাব দিয়েছে, যথা:<br>প্রস্তাব-১: এককালীন ৮০,০০,০০০ টাকা পরিশোধ করতে হবে;<br>প্রস্তাব-২: আগামী ৪ বছর যথাক্রমে ৩৫,০০,০০০ টাকা, ৩০,০০,০০০ টাকা, ২০,০০,০০০ টাকা এবং ২০,০০,০০০ টাকা পরিশোধ করতে হবে;<br>প্রস্তাব-৩: আগামী ৫ বছর প্রতি বছরের শুরুতে ২২,০০,০০০ টাকা পরিশোধ করতে হবে; এবং<br>প্রস্তাব-৪: আগামী ৫ বছর প্রতি বছর শেষে ২৫,০০,০০০ টাকা পরিশোধ করতে হবে।<br>জনাব আরশাদের প্রত্যাশিত আয়ের হার ১০%।<br>জনাব আরশাদের বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে-<br>• অর্থের সময় মূল্যের ধারণা ব্যাখ্যা করতে হবে।<br>• অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করতে হবে।<br>• মিশ্র নগদ প্রবাহের বর্তমান মূল্য নির্ণয় করতে হবে।<br>• অ্যানুইটির বর্তমান মূল্য নির্ণয় করতে হবে। | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. অর্থের সময় মূল্যের ধারণা | অর্থের সময় মূল্যের ধারণা উদাহরণসহ ব্যাখ্যা করলে | - | অর্থের সময় মূল্যের ধারণা ব্যাখ্যা করতে পারা | অর্থের সময় মূল্যের ধারণা লিখতে পারা | |
| খ. প্রথম প্রস্তাবের ভবিষ্যৎ মূল্য নির্ণয় | - | সূত্রে মান বসিয়ে গাণিতিক সমস্যার সমাধান করলে | সূত্রে মান বসাতে পারা | সূত্র লিখতে পারা | |
| গ. দ্বিতীয় প্রস্তাবের বর্তমান মূল্য নির্ণয় | - | সূত্রে মান বসিয়ে গাণিতিক সমস্যার সমাধান করলে | সূত্রে মান বসাতে পারা | সূত্র লিখতে পারা | |
| ঘ. তৃতীয় প্রস্তাবের বর্তমান মূল্য নির্ণয় | - | সূত্রে মান বসিয়ে গাণিতিক সমস্যার সমাধান করলে | সূত্রে মান বসাতে পারা | সূত্র লিখতে পারা | |
| ঙ. চতুর্থ প্রস্তাবের বর্তমান মূল্য নির্ণয় | - | সূত্রে মান বসিয়ে গাণিতিক সমস্যার সমাধান করলে | সূত্রে মান বসাতে পারা | সূত্র লিখতে পারা | |
| চ. উত্তম বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা | কারণসহ বিনিয়োগ সিদ্ধান্ত নিতে পারলে এবং অন্যগুলো বর্জনের কারণ লিখলে | - | কারণসহ বিনিয়োগ সিদ্ধান্ত নিতে পারলে | শুধু বিনিয়োগ সিদ্ধান্ত নিতে পারলে | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০ | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০-৯ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

পত্র : প্রথম

বিষয় কোড : ২৮৬

স্তর : এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br><br>দ্বিতীয় অধ্যায়: উৎপাদনের উপকরণ | উৎপাদন ও এর উপকরণসমূহের সম্পর্ক | ১. উৎপাদনের উপকরণ হিসেবে ভূমির ধারণা ও বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করতে পারবে;<br>২. উৎপাদনের উপকরণ হিসেবে শ্রমের ধারণা ও বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করতে পারবে;<br>৩. শ্রমবিভাগের ধারণা ব্যাখ্যা করতে পারবে;<br>৪. উৎপাদনের উপকরণ হিসেবে মূলধনের ধারণা ও বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করতে পারবে;<br>৫. উৎপাদনের উপকরণ হিসেবে সংগঠনের ধারণা ও বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করতে পারবে; | উৎপাদনের উপকরণ হিসেবে -<br>• ভূমির ধারণা ও বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করতে হবে।<br>• শ্রমের ধারণা ও বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করতে হবে।<br>• মূলধনের ধারণা ও বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করতে হবে।<br>• সংগঠনের ধারণা ও বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করতে হবে।<br>➢ উপকরণের সাথে উৎপাদনের সম্পর্ক বিশ্লেষণ করতে হবে। | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স):

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক. ভূমির ধারণা ও বৈশিষ্ট্য | ভূমির ধারণা ও ৬/৭টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | ভূমির ধারণা ও ৪/৫টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | ভূমির ধারণা ও ২/৩টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | ভূমির ধারণা ও ১টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | |
| খ. শ্রমের ধারণা ও বৈশিষ্ট্য | শ্রমের ধারণা ও ৬/৭টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | শ্রমের ধারণা ও ৪/৫টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | শ্রমের ধারণা ও ২/৩টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | শ্রমের ধারণা ও ১টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | |
| গ. মূলধনের ধারণা ও বৈশিষ্ট্য | মূলধনের ধারণা ও ৬/৭টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | মূলধনের ধারণা ও ৪/৫টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | মূলধনের ধারণা ও ২/৩টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | মূলধনের ধারণা ও ১টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | |
| ঘ. সংগঠনের ধারণা ও বৈশিষ্ট্য | সংগঠনের ধারণা ও ৬/৭টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | সংগঠনের ধারণা ও ৪/৫টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | সংগঠনের ধারণা ও ২/৩টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | সংগঠনের ধারণা ও ১টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | |
| ঙ. উপকরণ ও উৎপাদনের সম্পর্ক | যথাযথভাবে উপকরণ ও উৎপাদনের সম্পর্ক বিশ্লেষণ করলে | অধিকাংশক্ষেত্রে যথাযথভাবে উপকরণ ও উৎপাদনের সম্পর্ক বিশ্লেষণ করলে | আংশিক যথাযথভাবে উপকরণ ও উৎপাদনের সম্পর্ক বিশ্লেষণ করলে | উপকরণ ও উৎপাদনের সম্পর্ক পাঠ্যপুস্তক থেকে বর্ণনা করলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ৯ বা ৯ এর কম | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: রসায়ন | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ১৭৭ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br><br>দ্বিতীয় অধ্যায়: জৈব রসায়ন | জৈব যৌগে বন্ধন বিভাজন এবং অ্যারোমেটিক যৌগের প্রস্তুতি ও বিক্রিয়া | • জৈব যৌগের বিভিন্ন প্রকার বিক্রিয়া ব্যাখ্যা করতে পারবে (বন্ধন বিভাজন, মুক্তমূলক, কার্বোক্যাটায়ন, কার্বানায়ন, ইলেকট্রনাকর্ষী বিকরারক, কেন্দ্রাকর্ষী বিকারক এর ব্যাখ্যাসহ)<br>• অ্যারোমেটিক যৌগের প্রস্তুতি (বেনজিন, টলুইন), অ্যারোমেটিক যৌগের বিশেষ বৈশিষ্ট্য অ্যারোমেটিসিটি ব্যাখ্যা করতে পারবে<br>• অ্যারোমেটিক যৌগের ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া ব্যাখ্যা করতে পারবে<br>• বেনজিনের বহু প্রতিস্থাপন বিক্রিয়া ও ওরিয়েন্টেশন ব্যাখ্যা করতে পারবে | ক) জৈব যৌগের বন্ধনের বিভিন্ন বিভাজন এবং উৎপন্ন মূলকসমূহের স্থিতিশীলতা ব্যাখ্যা<br><br>খ) বেনজিন ও টলুইন প্রস্তুতি<br><br>গ) অ্যারোমেটিক যৌগের ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া ব্যাখ্যা<br><br>ঘ) বেনজিনের বহু প্রতিস্থাপন বিক্রিয়ার ওরিয়েন্টেশন ব্যাখ্যা | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) বন্ধনের সুষম ও বিষম বিভাজন এবং মুক্তমূলক, কার্বোক্যাটায়ন ও কার্বানায়ন এর স্থিতিশীলতা ব্যাখ্যা | বন্ধন বিভাজন এবং মূলকসমূহের স্থিতিশীলতা যথাযথ ব্যাখ্যা | বন্ধন বিভাজন এবং মূলকসমূহের স্থিতিশীলতা অধিকাংশ সঠিক ব্যাখ্যা | বন্ধন বিভাজন এবং মূলকসমূহের স্থিতিশীলতা আংশিক ব্যাখ্যা | বন্ধন বিভাজন/ মূলকসমূহ | |
| খ) বেনজিন ও টলুইন এর দুটি করে প্রস্তুতি সমীকরণসহ উপস্থাপন | সমীকরণসহ যথাযথ উপস্থাপন | সমীকরণসহ অধিকাংশ সঠিক উপস্থাপন | সমীকরণসহ আংশিক উপস্থাপন | যে কোন একটির প্রস্তুতি | |
| গ) বেনজিনের নাইট্রেশন এবং অ্যালকাইলেশন বিক্রিয়ার কৌশল ব্যাখ্যা | বিক্রিয়ার কৌশল যথাযথ ব্যাখ্যা | বিক্রিয়ার কৌশল অধিকাংশ সঠিক ব্যাখ্যা | বিক্রিয়ার কৌশল আংশিক ব্যাখ্যা | বিক্রিয়ার সমীকরণ | |
| ঘ) বেনজিন চক্রে মিথাইল মূলক অর্থো-, প্যারা- নির্দেশক হলেও নাইট্রো মূলক মেটা- নির্দেশক হওয়ার কারণ ব্যাখ্যা | রেজোন্যান্সসহ যথাযথ কারণ উপস্থাপন | রেজোন্যান্সসহ অধিকাংশ সঠিক কারণ উপস্থাপন | রেজোন্যান্সসহ আংশিক কারণ উপস্থাপন | যে কোন একটির রেজোন্যান্স/ কারণ উপস্থাপন | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

বি:দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০-১০০%, অধিকাংশ সঠিক = ৭০-৭৯%, আংশিক = ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৪-১৬ | অতি উত্তম |
| ১১-১৩ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৭ বা ৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: অর্থনীতি

পত্র: দ্বিতীয়

বিষয় কোড: ১১০

স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br><br>দ্বিতীয় অধ্যায়: বাংলাদেশের কৃষি | **বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তনের প্রেক্ষিতে কৃষি উন্নয়নে গৃহীত ব্যবস্থাদি এবং প্রযুক্তি ব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ।**<br><br>(বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তন বিশ্বের অন্যান্য অংশের ন্যায় বাংলাদেশের জন্য একটি চ্যালেঞ্জ। এর প্রভাবে দেশের দক্ষিণাঞ্চলে লবনাক্ততা এবং উত্তরাঞ্চলে মরুময়তা বান্ধব উফশী বীজ উদ্ভাবনসহ কৃষির আধুনিকীকরণে পারমানবিক শক্তি ,জৈব প্রযুক্তি এবং আইসিটি ব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ ) | • বাংলাদেশের কৃষিতে পরিবেশ দূষণ , বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব চিহ্নিত করে বিদ্যমান সংকট উত্তরণ এবং অভিযোজনের উপায় অনুসন্ধান করতে পারবে<br>• বাংলাদেশের কৃষি উন্নয়নে পারমানবিক শক্তি. বায়োটেকনোলজি পদ্ধতি এবং আইসিটি ব্যবহারের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে<br>• বাংলাদেশের কৃষি উন্নয়নে কৃষি প্রযুক্তি বিশেষ করে উন্নত বীজ উদ্ভাবনের ফলাফল মূল্যায়ন করতে পারবে<br>• কৃষি উন্নয়নে গৃহীত নীতি ও কর্মসূচির প্রতি সমর্থন দানে উদ্বুদ্ধ হবে | • কৃষি ও পরিবেশ<br>• কৃষিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব<br>• কৃষি উন্নয়নে গৃহীত ব্যবস্থাদি<br>• কৃষি প্রযুক্তি উদ্ভাবন ও গুরুত্ব | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক) কৃষি ও পরিবেশ | উদাহরণসহ কৃষি ও পরিবেশের সম্পর্ক যথাযথভাবে ব্যাখ্যা | উদাহরণ ছাড়া কৃষি ও পরিবেশের সম্পর্ক যথাযথভাবে ব্যাখ্যা | কৃষি ও পরিবেশের সম্পর্ক ব্যাখ্যা | কৃষি ও পরিবেশের সম্পর্ক ব্যাখ্যায় অস্পষ্টতা | |
| খ) জলবায়ু পরিবর্তনের প্রভাব | কৃষিতে জলবায়ু পরিবর্তনের ৭/৮টি প্রভাবের প্রত্যাশিত ব্যাখ্যা | কৃষিতে জলবায়ু পরিবর্তনের ৫/৬টি প্রভাবের প্রত্যাশিত ব্যাখ্যা | কৃষিতে জলবায়ু পরিবর্তনের ৩/৪টি প্রভাবের প্রত্যাশিত ব্যাখ্যা | কৃষিতে জলবায়ু পরিবর্তনের ১/২টি প্রভাবের প্রত্যাশিত ব্যাখ্যা | |
| গ) কৃষি উন্নয়নে গৃহীত ব্যবস্থাদি | কৃষি উন্নয়নে- পারমানবিক কৃষি প্রযুক্তি ,জৈব প্রযুক্তি এবং আইসিটি ব্যবহারের গুরুত্ব উদাহরণসহ ব্যাখ্যা | কৃষি উন্নয়নে- পারমানবিক কৃষি প্রযুক্তি ,জৈব প্রযুক্তি এবং আইসিটি ব্যবহারের গুরুত্ব উদাহরণ ছাড়া ব্যাখ্যা | কৃষি উন্নয়নে- যেকোনো দুইটি বিষয়ের গুরুত্ব ব্যাখ্যা | কৃষি উন্নয়নে- যেকোনো একটি বিষয়ের গুরুত্ব ব্যাখ্যা | |
| ঘ) কৃষি প্রযুক্তি উদ্ভাবনের গুরুত্ব | পরিবেশের সাথে কৃষি প্রযুক্তি উদ্ভাবনের ৪টি গুরুত্বের প্রত্যাশিত ব্যাখ্যা | পরিবেশের সাথে কৃষি প্রযুক্তি উদ্ভাবনের ৩টি গুরুত্বের প্রত্যাশিত ব্যাখ্যা | পরিবেশের সাথে কৃষি প্রযুক্তি উদ্ভাবনের ২টি গুরুত্বের প্রত্যাশিত ব্যাখ্যা | পরিবেশের সাথে কৃষি প্রযুক্তি উদ্ভাবনের ১টি গুরুত্বের প্রত্যাশিত ব্যাখ্যা | |
| | | | | মোট | |

বরাদ্দকৃত মোট নম্বর:১৬

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০৭ বা এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পৌরনীতি ও সুশাসন   পত্র: দ্বিতীয়   বিষয় কোড: ২৭০   স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br><br>দ্বিতীয় অধ্যায়: পাকিস্তান থেকে বাংলাদেশ (১৯৪৭-১৯৭১) | বাঙালি জাতীয়তাবাদ বিকাশে ভাষা আন্দোলনের গুরুত্ব মূল্যায়ন | • ভাষা আন্দোলনের ঘটনা প্রবাহ বর্ণনা করতে পারবে।<br>• বাঙালী জাতীয়তাবাদ বিকাশে ভাষা আন্দোলনের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>• পাকিস্তানের রাজনীতিতে ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচনের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>• পূর্ব বাংলার স্বায়ত্তশাসন আন্দোলনে ৬-দফার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>• ঐতিহাসিক আগরতলা মামলার কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে।<br>• ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে।<br>• ১৯৭০ সালের সাধারণ নির্বাচনের গুরুত্ব মূল্যায়ণ করতে পারবে।<br>• ১৯৭১ সালের অসহযোগ আন্দোলনের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>• বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের গুরুত্ব মূণ্যায়ন করতে পারবে।<br>• বাংলাদেশের স্বাধীনতা লাভের তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে। | • ভাষা আন্দোলন, ৫৪ এর যুক্তফ্রন্ট নির্বাচন<br>• ৬ দফার গুরুত্ব, আগরতলা মামলা<br>• ৬৯ এর গণঅভ্যুত্থান, ৭০ এর নির্বাচন, অসহযোগ আন্দোলন ও বঙ্গবন্ধু | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. ভাষা আন্দোলন ও যুক্তফ্রন্ট | ভাষা আন্দোলন ও যুক্তফ্রন্ট নির্বাচনের কারণ যথাযথভাবে উল্লেখ করেছে | ভাষা আন্দোলন ও যুক্তফ্রন্ট নির্বাচনের কারণ অধিকাংশই বর্ণনা করেছে | শুধু ভাষা আন্দোলন সম্পর্কে আলোচনা করেছে। | ভাষা আন্দোলন ও যুক্তফ্রন্ট নির্বাচন সম্পর্কে ধারণা অস্পষ্ট | |
| খ. ৬ দফা | ৬ দফার সবগুলো দফা যথাযথভাবে উপস্থাপন করেছে | ৬ দফার অধিকাংশ দফা উপস্থাপন করেছে | ৬ দফার আংশিক দফা উপস্থাপন করেছে | ৬ দফার ধারণা অস্পষ্ট উপস্থাপন করেছে | |
| গ. ৬৯ এর গণঅভ্যুত্থান | ৬৯এর গণঅভ্যুত্থানের কারণ ও ফলাফল যথাযথভাবে উপস্থাপন করেছে | ৬৯এর গণঅভ্যুত্থানের কারণ ও ফলাফল অধিকাংশ উপস্থাপন করেছে | শুধুমাত্র ৬৯ এর গণঅভ্যুত্থানের কারণ ও ফলাফলের যেকোনো একটি উপস্থাপন করেছে | ৬৯এর গণঅভ্যুত্থান অস্পষ্টভাবে উপস্থাপন করেছে | |
| ঘ. ৭০ এর নির্বাচন | ৭০ এর নির্বাচনের পটভূমি ও ফলাফল সঠিকভাবে উপস্থাপন করেছে | ৭০ এর নির্বাচনের পটভূমি ও ফলাফল অধিকাংশ উপস্থাপন করেছে | ৭০ এর নির্বাচনের পটভূমি ও ফলাফল আংশিক উপস্থাপন করেছে | ৭০ এর নির্বাচনের পটভূমি ও ফলাফল উপস্থাপনে ধারাবাহিকতা বজায় রাখেনি। | |
| ঙ. উপস্থাপনা কৌশল | সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | অধিকাংশ (সম্পূর্ণ নয়) সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | আংশিক সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখেছে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর:২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: যুক্তিবিদ্যা

পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ১২২ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা ( রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৪<br><br>তৃতীয় অধ্যায়: আরোহের প্রকারভেদ | জানা থেকে অজানায় গমনই প্রকৃত আরোহের প্রাণ-ধারণাটির যৌক্তিক বিশ্লেষণ | • প্রকৃত আরোহের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• প্রকৃত আরোহের প্রকারভেদ বর্ণনা করতে পারবে।<br>• বৈজ্ঞানিক আরোহের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• বৈজ্ঞানিক আরোহের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।<br>• অবৈজ্ঞানিক আরোহের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• বৈজ্ঞানিক আরোহের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে<br>• বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের সম্পর্ক মূল্যায়ন করতে পারবে। | • আরোহমূলক লম্ফ ,প্রকৃত আরোহ ও প্রকৃত আরোহের প্রকারভেদ উপস্থাপন<br>• বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের সংজ্ঞা উদাহরণসহ লেখা<br>• বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের সংজ্ঞা দিয়ে সম্পর্ক ব্যাখ্যা<br>• জানা থেকে আজানায় গমনই প্রকৃত আরোহের প্রাণ- ধারণাটির যৌক্তিকতা নিরূপন ও নিজস্ব মত উপস্থাপন | (নিচের রুব্রিক্স দেখুন) | |

**মূল্যায়ন নির্দেশনা ( রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক. বিষয়বস্তু উপস্থাপনা | আরোহমূলক লম্ফ ও আরোহের প্রকারভেদ ধারাবাহিক ভাবে এবং সুস্পষ্ট উপস্থাপন করলে | আরোহমূলক লম্ফ ও আরোহের প্রকারভেদ সুস্পষ্ট উপস্থাপন করলে কিন্তু ধারাবাহিকতা না থাকলে | আরোহমূলক লম্ফ ও আরোহের প্রকারভেদ ধারাবাহিক ভাবে লিখলে কিন্তু উপস্থাপনা সুস্পষ্ট না হলে | আরোহমূলক লম্ফ ও আরোহের প্রকারভেদ সম্পর্কে ধারণা দিলে | |
| খ. সংজ্ঞা ও উদাহরণ বিশ্লেষণ | বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহ সংজ্ঞায়িত করা, উদাহরণসহ বিশ্লেষণ করলে | বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহ সংজ্ঞায়িত করা, উদাহরণসহ আংশিক বিশ্লেষণ করলে | বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহ সংজ্ঞায়িত করা, উদাহরণসহ বিশ্লেষণ ছাড়া লিখলে | উদাহরণ ছাড়া বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের ধারণা দিলে | |
| গ. সম্পর্ক ব্যাখ্যা | বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের ৫টি সাদৃশ্য ও বৈসাদৃশ্য লিখে সম্পর্ক ব্যাখ্যা করলে | বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের ৪টি সাদৃশ্য ও বৈসাদৃশ্য লিখে সম্পর্ক ব্যাখ্যা করলে | বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের ৩টি সাদৃশ্য ও বৈসাদৃশ্য লিখে সম্পর্ক ব্যাখ্যা করলে | বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের ২টি সাদৃশ্য ও বৈসাদৃশ্য লিখে সম্পর্ক ব্যাখ্যা দিলে | |
| ঘ. নির্দেশিত বিষয়টির যৌক্তিকতা নিরূপন ও নিজস্ব মত উপস্থাপন | নির্দেশিত বিষয়টির যৌক্তিকতা বিশ্লেষণ করে নিজস্ব মত স্পষ্ট ভাবে উপস্থাপন করলে | নির্দেশিত বিষয়টির যৌক্তিকতা বিশ্লেষণ করে নিজস্ব মত অস্পষ্ট ভাবে উপস্থাপন করলে | নির্দেশিত বিষয়টির যৌক্তিকতা বিশ্লেষণ ও নিজস্ব মত উভয়ই অস্পষ্ট ভাবে উপস্থাপন করলে | নির্দেশিত বিষয়টির যৌক্তিকতা অস্পষ্ট বিশ্লেষণ করলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ১৬

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান　　পত্র: দ্বিতীয়　　বিষয় কোড: ২৫৪　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৪<br><br>চতুর্থ অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির মূলধন | **যৌথমূলধনী কোম্পানির মূলধনের ধারণা ও শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনের হিসাবরক্ষণ**<br><br>**সহায়ক তথ্য:**<br>পদ্মা লিমিটেড, মেঘনা লিমিটেড ও যমুনা লিমিটেড ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী গঠিত তিনটি পৃথক কোম্পানি। প্রতিটি কোম্পানির অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যা ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। পদ্মা লিমিটেড অনুমোদিত মূলধনের ৪০% সমহারে, মেঘনা লিমিটেড ২ টাকা অধিহারে অনুমোদিত মূলধনের ৫০% এবং যমুনা লিমিটেড ১ টাকা অবহারে অনুমোদিত মূলধনের ৩০% ইস্যু করলো। প্রতিটি কোম্পানি ইস্যুকৃত শেয়ারের বিপরীতে ২০% অতিরিক্ত আবেদন পেল। প্রতিটি কোম্পানি যথারীতি ইস্যুকৃত শেয়ারগুলো আবেদনকারীদের মধ্যে বন্টন করলো এবং অতিরিক্ত আবেদনের টাকা যাদেরকে শেয়ার দেওয়া সম্ভব হয়নি তাদেরকে ফেরত দেওয়া হলো। যমুনা লিমিটেড ভূমি ও দালানকোঠা ক্রয়ের বিপরীতে অনুমোদিত মূলধনের ২০% ইস্যু করলো। | • যৌথমূলধনী কোম্পনির বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে।<br>• যৌথমূলধনী কোম্পনির শেয়ার, স্টক এবং ঋণপত্রের মধ্যকার পার্থক্য নিরূপন করতে পারবে।<br>• সমহার, অধিহার ও অবহারে শেয়ার ইস্যুর সংক্রান্ত লেনদেন খতিয়ানভূক্ত করতে এবং আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করতে পারবে। | • শেয়ার ও স্টকের পার্থক্য নিরূপন।<br>• সমহার, অধিহার ও অবহারে শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেন হিসাবভূক্তকরণ।<br>• শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেন খতিয়ানভূক্তকরণ এবং আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতকরণ। | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা /নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক) শেয়ার ও স্টকের পার্থক্য নিরূপন | ৪টি পার্থক্য সঠিক হলে | ৩টি পার্থক্য সঠিক হলে | ২টি পার্থক্য সঠিক হলে | ১টি পার্থক্য সঠিক হলে | |
| খ) সমহার ও অধিহারে শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেন জাবেদাভূক্তকরণ | পৃথক ভাবে দুইটি কোম্পানির জাবেদাভূক্তকরণ সঠিক হলে | পৃথক ভাবে একটি কোম্পানির জাবেদাভূক্তকরণ সঠিক হলে | পৃথক ভাবে দুইটি কোম্পানির জাবেদাভূক্তকরণ অধিকাংশ সঠিক হলে | পৃথক ভাবে দুইটি কোম্পানির জাবেদাভূক্তকরণ আংশিক সঠিক হলে | |
| গ) যমুনা লিমিটেডের শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেন জাবেদাভূক্তকরণ | সকল লেনদেন সঠিকভাবে জাবেদাভূক্ত হলে | জাবেদাভূক্তিতে ১টি ভুল হলে | জাবেদাভূক্তিতে ২টি ভুল হলে | জাবেদাভূক্তিতে ১টি দাখিলা সঠিক হলে | |
| ঘ) সকল কোম্পানির ব্যাংক হিসাব পৃথক ভাবে প্রস্তুতকরণ | যথাযথভাবে সকল কোম্পানির ব্যাংক হিসাব প্রস্তুত করলে | যে কোন কোম্পানির ১টি ব্যাংক হিসাব ভুল হলে | যে কোন ২টি কোম্পানির ব্যাংক হিসাব ভুল হলে | যে কোন ব্যাংক হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঙ) সকল কোম্পানির পৃথক ভাবে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতকরণ | যথাযথভাবে সকল কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করলে | যে কোন কোম্পানির ১টি আর্থিক অবস্থার বিবরণী ভুল হলে | যে কোন ২টি কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী ভুল হলে | যে কোন আর্থিক অবস্থার বিবরণী আংশিক শুদ্ধ হলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬- ২০ | অতি উত্তম |
| ১৪- ১৫ | উত্তম |
| ১০- ১৩ | ভালো |
| ০০- ০৯ | অগ্রগতি প্রয়োজন |